দৈনিক বাংলা

তারিখ 12 AUG 1988
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1 ...

033

# যশোর বোর্ড : এসএসসি-তে প্রথম স্থান নিয়ে প্রশ্ন উঠেছে

(স্টাফ রিপোর্টার)

যশোর, ১১ই আগস্ট।—যশোর শিক্ষা বোর্ডের অধীন ১৯৮৮ সালের এসএসসি পরীক্ষায় প্রথম স্থান অধিকারী সম্পর্কে সংশয় সৃষ্টি হয়েছে।

এ সম্পর্কে শিক্ষা বোর্ডের পক্ষ থেকে একটি তদন্তও পরিচালিত

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## প্রশ্ন উঠেছে

(১ম পৃঃ পর)

হয়। কিন্তু সংশ্লিষ্টদের প্রয়োজনীয় সহযোগিতা না পাওয়ায় যথাযথভাবে তদন্ত কাজ চালানো সম্ভব হয়নি।

গত ১৪ই জুলাই এসএসসি পরীক্ষার ফল প্রকাশের পর দেখা যায় খুলনার সেন্ট জোসেফ মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র কাজী শাফিউল নাসির চারটি বিষয়ে লেটার মার্কসহ আটশ বিয়াল্লিশ নম্বর পেয়ে প্রথম স্থান অধিকার করে। কিন্তু বোর্ড কর্তৃপক্ষ গোপনে খবর পান যে প্রথমস্থান অধিকারী কেন্দ্র পরিবর্তন করে পরীক্ষা দেয়ার সময় বিশেষ সুবিধা পেয়েছে।

জানা যায় খুলনা কেন্দ্রের বদলে পরীক্ষার্থী বরিশালের বাবুগঞ্জে তার পিতার কর্মস্থলে পরীক্ষা দেয়। সংশ্লিষ্ট ছাত্র স্কুলের টেস্ট পরীক্ষায় মাত্র পাঁচশ পঁচানব্বই নম্বর পায়।

তার ক্লাসের তিনটি সেকশনের সি সেকশনের সে ছাত্র ছিল। টেস্ট পরীক্ষায় এ সেকশনের সর্বোচ্চ নম্বর ছিল সাতশ পঞ্চাশ। অথচ পাঁচশ পঁচানব্বই পেয়ে কাজী শফিউল নাসির প্রথম হওয়ায় স্কুলের শিক্ষক ও অন্যান্য পরীক্ষার্থী হতবাক হয়ে যান।

বাবুগঞ্জ কেন্দ্রে শফিউল নাসির বিশেষ সুবিধায় মাধ্যমিক পরীক্ষা দিয়েছে বলে অভিযোগ রয়েছে।

বোর্ডের তিন সদস্যের একটি তদন্ত কমিটি সেখানে তদন্তে গেলে তারা যথাযথ সহায়তা পাননি। ফলে অভিযোগও প্রমাণিত হয়নি।

বোর্ডের একজন কর্মকর্তা বলেন বিষয়টির পুনরায় তদন্ত প্রয়োজন।